যুগান্তর

11 JUN 2016
পৃষ্ঠা ৭-১৬ কলাম ৭

# দুই শিক্ষার্থীর ওপর হামলাকারীদের বিচার দাবিতে ঢাবিতে মানববন্ধন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থীর ওপর হামলায় জড়িতদের অবিলম্বে গ্রেফতার ও শাস্তি দাবি করেছেন শিক্ষক-শিক্ষার্থীরা। শুক্রবার সকালে বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে এক মানববন্ধন ও মৌন মিছিল থেকে এ দাবি জানান তারা। বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট পরিবার এ কর্মসূচির আয়োজন করে।

মানববন্ধনে উপস্থিত ছিলেন ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান অধ্যাপক এম আলী আক্কাস, অধ্যাপক মো. মোশাররফ হোসেন, ম্যানেজমেন্ট ক্লাবের সম্পাদক জাকারিয়া শুভ, ম্যানেজমেন্ট অ্যাসোসিয়েশন অব বিজয় একাত্তর হলের সম্পাদক হাফিজুর রহমানসহ শতাধিক শিক্ষক-শিক্ষার্থী। শুক্রবার সকালে গ্রামের বাড়ি বাগেরহাট যাওয়ার পথে টিকাটুলিতে দুর্বৃত্তের ধারালো অস্ত্রের আঘাতে গুরুতর আহত হন গণিত বিভাগের মাস্টার্সের ছাত্র এজাজুল হক ও তার বোন ম্যানেজমেন্ট বিভাগের ছাত্রী ফারিয়া তাবাসসুম জ্যোতি। পরে তাদের আশংকাজনক অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।